# ২০১৫-১৬ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভূক্তির জন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাষ্ট্রি (ডিসিসিআই) এর সুপারিশমালা

## ১। আয়কর, আইন ও বিধি সংক্রান্ত প্রস্তাব

| ক্রমিক নং | বিরাজমান নীতি, আইন ও বিধিতে বর্ণিত অবস্থা | প্রস্তাব<br>(সংশোধনীর সুনির্দিষ্ট বর্ণনাসহ) | যুক্তি |
|---|---|---|---|
| ১. | আয়কর আইন ১৯৮৪ এর ধারা ১৬ সিসিসি অনুসারে কোম্পানি শ্রেণীর করদাতার ২০১৪-২০১৫ করবর্ষে ০.৩০ শতাংশ হারে সর্বনিম্ন আরোপের বিধান করা হয়েছে। কোম্পানির মোট প্রাপ্তির উপর ভিত্তি করে এ সর্বনিম্ন কর আরোপ করা হয়। উক্ত করবর্ষে লাভ লোকসান নির্বিশেষে এ করের পরিমাণ সংশ্লিষ্ট করবর্ষে মোট প্রাপ্তির ০.৩০ শতাংশের কম হবে না। যা আয়কর আইনের পরিপন্থি। আয়কর আইন অনুসারে আয়ের উপর আয়কর পরিশোধ করতে হয়। | আয়কর আইন ১৯৮৪ এর ধারা ১৬ সিসিসি অনুসারে কোম্পানি শ্রেণীর করদাতার ২০১৪-২০১৫ করবর্ষে ০.৩০ শতাংশ হারে সর্বনিম্ন আরোপের বিধান করা হয়েছে। কোম্পানির মোট প্রাপ্তির উপর ভিত্তি করে এ সর্বনিম্ন কর আরোপ করা হয়। উক্ত করবর্ষে লাভ লোকসান নির্বিশেষে এ করের পরিমাণ সংশ্লিষ্ট করবর্ষে মোট প্রাপ্তির ০.৩০ শতাংশের কম হবে না। যা আয়কর আইনের পরিপন্থি। আয়কর আইন অনুসারে আয়ের উপর আয়কর পরিশোধ করতে হয়। তাই ১৬ সিসিসি বিলোপ করার জন্য অনুরোধ করছি। | |
| ২. | আয়কর আইন ১৯৮৪ এর ধারা ৩২(৭) অনুসারে শেয়ার ক্রয় বিক্রয় হতে মূলধনী আয় আয়কর মুক্ত। | আয়কর আইন ১৯৮৪ এর ধারা ৩২(৭) অনুসারে শেয়ার ক্রয় বিক্রয় হতে মূলধনী আয় আয়কর মুক্ত। শেয়ার বিক্রয় মূল্য হতে ক্রয় মূল্য বাদ দিলে মূলধনী আয় হয় যা পোর্ট ফলিও এর মধ্যে প্রতিফলিত হয়। কিন্তু বোনাস শেয়ার বিক্রয় কালে যে মূলধনী আয় হয় তাহা পোর্ট ফলিও এর মধ্যে প্রতিফলন হয় না বোনাস শেয়ার জন্য কোন সার্টিফিকেট বরাদ্দ না হওয়ায় বিক্রয়ের হিসাবে বোনাস শেয়ার বিক্রয় প্রমান প্রশ্নবিদ্ধ। বোনাস শেয়ার বিক্রয়ের ফলে অর্জিত মূলধনী লাভ নির্ণয়ের ক্ষেত্রে যথাযথ ব্যাখ্যা প্রয়োজন। | |
| ৩. | আয়কর আইন ১৯৮৪ রুল ২৫ এর অধীনে আয়কর রিটার্ন ফরমে ৬ নং পৃষ্ঠায় করদাতার নিজের, স্ত্রী/ স্বামীর (রিটার্ন দাখিলকারী না হলে), নাবালক ও নির্ভরশীল সন্তানদের পরিসম্পদ ও দায় উপরি উক্ত বিবরণীতে প্রদর্শন করতে হবে। | আয়কর আইন ১৯৮৪ রুল ২৫ এর অধীনে আয়কর রিটার্ন ফরমে ৬ নং পৃষ্ঠায় করদাতার নিজের, স্ত্রী/ স্বামীর (রিটার্ন দাখিলকারী না হলে), নাবালক ও নির্ভরশীল সন্তানদের পরিসম্পদ ও দায় উপরি উক্ত বিবরণীতে প্রদর্শন করতে হবে। কিন্তু উক্ত রিটানের ৫নং পৃষ্ঠা (আইটি ১০বি) তে ১ হতে ১৮ পর্যন্ত যে কলাম রয়েছে সেখানে স্ত্রী/ স্বামীর (রিটার্ন দাখিলকারী না হলে), নাবালক ও নির্ভরশীল সন্তানদের সম্পদ ও আয় দেখানোর কোন কলাম নেই। ফলে করদাতার উক্ত করবর্ষের মোট সম্পদ এবং পূর্ববর্তি করবর্ষের সম্পদের সমন্বয়ে জটিলতা দেখা দেয়। এর ফলে কর নির্ধারনে অনিয়ম বা দুর্নীতি পরিলক্ষিত হয়। বিষয়টির ব্যাখ্যা করার জন্য অনুরোধ করছি। | |
| ৪. | উৎসে কর কর্তনের উচ্চ হার কমানো ঃ<br>আয়কর অধ্যাদেশ এর ৫২এএ ধারা অনুযায়ী "অন্যান্য সেবার" ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার ১০%। | "অন্যান্য সেবার" ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার কমিয়ে ৭.৫% করার প্রস্তাব করছি । | উৎসে কর কর্তনের যে বিধান বর্তমানে চালু আছে তা করদাতা এবং ব্যবসা প্রতিষ্ঠানের জন্য বিরাট বোঝা স্বরুপ। |
| ৫. | আপিল এর আগে অর্থ পরিশোধ ঃ<br>বিচার কার্য শুরু হওয়ার আগে বিচার প্রার্থীকে বিতর্কিত ট্যাক্স লায়াবিলিটির ১০% আপিলাত ট্রাইবুনাল যাওয়ার আগে এবং হাইকোর্টে যাওয়ার আগে ১৫%/ সর্বমোট ২৫% কর পরিশোধ করার বিধান রয়েছে। | প্রস্তাবিত পরিশোধকৃত অংকের পরিমান বিচার শুরুর পুর্বে ৫% আপিলাত ট্রাইবুনালে এবং হাইকোর্টে যাওয়ার আগে ১০% করার প্রস্তাব করছি। | বিচারের জন্য এত বড় অংকের টাকা পরিশোধ করা করদাতার জন্য কঠিন এবং অনেক সময় কর দাতার এই দুর্বলতা বিচার কার্যকে প্রভাবিত করে। |

| ক্রমিক নং | বিরাজমান নীতি, আইন ও বিধিতে বর্ণিত অবস্থা | প্রস্তাব (সংশোধনীর সুনির্দিষ্ট বর্ণনাসহ) | যুক্তি |
|---|---|---|---|
| ৬. | Income Tax Ordinance, 1984, section 30(i)<br><br>Employer paying salary of Tk. 15,000 or more to an employee other than by bank cheque or bank transfer is deemed to be the income of employer. | Amendment of section 30(i)<br><br>To be replaced the words "thirty thousand (30,000)" instead of "fifteen thousand (15,000)" | This law was inserted by Finance Act 2003. When tax free limit was Tk. 90,000. This is Tk. 220,000 at present. Besides some elements of salary like house rent, conveyances are partially exempted under rule 33A & 33C. No revenue will be affected. |
| ৭. | Income Tax Ordinance, 1984, section 30(m)<br><br>Any transaction exceeding Tk. 50,000 through non-banking channel | Amendment of section 30(m)<br><br>To be replaced the words "one hundred thousand (1,00,000)" instead of "fifty thousand (50,000)" | Small trades have to do lots of cash/non-banking transaction. |

# ২০১৫-১৬ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভূক্তির জন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাষ্ট্রি (ডিসিসিআই) এর সুপারিশমালা

## ১। আয়কর সংক্রান্ত প্রস্তাব

| ক্রমিক নং | প্রস্তাবের বিবরণ | যুক্তি |
|---|---|---|
| ১. | ব্যক্তি শ্রেণীর কর<br>২০১৫-১৬ অর্থবছরের জন্য ব্যক্তি শ্রেণীর করদাতার কর মুক্ত আয়ের সীমা সর্বোচ্চ ২,২০,০০০/- টাকা হতে বাড়িয়ে ২,৭৫,০০০/- টাকা করে নিম্ন বর্ণিত হার পূর্ণবিন্যাস করা যেতে পারে।<br>হার<br>• প্রথম ২,৭৫,০০০/-টাকা পর্যন্ত আয়ের উপর - শূন্য<br>• পরবর্তী ৪,০০,০০০/-টাকা পর্যন্ত আয়ের উপর - ১০%<br>• পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর - ১৫%<br>• পরবর্তী ৬,০০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর - ২০%<br>• পরবর্তী ৪০,০০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর - ২৫%<br>• অবশিষ্ট আয়ের উপর - ৩০%<br>(খ) মহিলা করদাতা ও বয়স্ক নাগরিক (৬০ বৎসর) কর দাতার ক্ষেত্রে কর মুক্ত আয়ের সীমা ২,৭৫,০০০/-টাকা থেকে বাড়িয়ে ৪,০০,০০০/- টাকা করা যেতে পারে।<br>(গ) প্রতিবন্ধি করদাতার ক্ষেএে করমুক্ত আয়ের সীমা ৩,৫০,০০০/- টাকা থেকে বাড়িয়ে ৪,০০,০০০/- টাকা করা যেতে পারে।<br>(ঘ) যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৪,০০,০০০/- থেকে টাকা বাড়িয়ে করমুক্ত আয়ের সীমা ৪,৫০,০০০/-টাকা করা যেতে পারে।<br>(ঙ) কৃষি আয় নিরুপণ ঃ Income Tax Ordinance, 1984 এর section-26,27 অনুযায়ী ঃ যে সকল কর দাতার কৃষি ছাড়া আর কোন আয় নাই সে সকল কর দাতা করমুক্ত আয়ের সাধারণ সীমার অতিরিক্ত আরও ২,৫০,০০০/-টাকা পর্যন্ত করমুক্ত থাকবে অর্থাৎ (২,৭৫,০০০ + ২,৫০,০০০) = ৫,২৫,০০০টাকা পর্যন্ত আয়ের জন্য কোন আয়কর পরিশোধ করতে হবেনা। মহিলা করদাতা, ৬০ বৎসর (প্রস্তাবিত) বা তদুর্ধ্ব বয়সের করদাতা ও প্রতিবন্ধী করদাতার ক্ষেত্রে যদি কৃষি আয় ছাড়া আর কোন আয় না থাকে তাদের করমুক্ত আয়ের সীমা হবে (৪,০০,০০০ + ২,৫০,০০০)= ৬,৫০,০০০/- টাকা। এরূপ ভাবে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার ক্ষেত্রে যদি কৃষি ছাড়া আর কোন আয় না থাকে সেক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা হবে (৪,৫০,০০০+২,৫০,০০০) = ৭,০০,০০০/-টাকা। কৃষি খাতে আয় নির্ধারণীয় ক্ষেত্রে বিয়োজনমূলক বিষয়সমূহ section 27 এ উল্লেখ করা হয়েছে।<br>(চ) বয়স্ক নাগরিকগণের কর রেয়াত সুবিধা প্রাপ্তির ক্ষেএে তাঁদের বয়স ৬৫ বৎসর থেকে কমিয়ে ৬০ বৎসর করার প্রস্তাব করছি। | • বর্তমান রাজনৈতিক অস্থিতিশীলতা দরুন বিশেষ করে ব্যবসায়ী সমাজ পূঁজি হারিয়ে আর্থিক ক্ষতিগ্রস্থ হয়েছেন এবং মানুষের পাঁচটি মৌলিক চাহিদা যথা অন্ন, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা ও শিক্ষার সুযোগ পাওয়া প্রতিটি মানুষের অধিকার । এই অধিকার বা চাহিদা মেটানোর অর্থ ব্যয়ের পর উদ্বৃত্ত অর্থ থেকে সে তার অন্যান্য ব্যয় ও প্রয়োজনে সঞ্চয় করে থাকে। বর্তমানে জীবন যাত্রার ব্যয় বৃদ্ধি এবং মূল্যস্ফীতির ফলে মৌলিক চাহিদা মেটানোর ব্যয় বৃদ্ধি সহ অন্যান্য ব্যয় বৃদ্ধি পেয়েছে। এমতাবস্থায় রাজনৈতিক অস্থিতিশীলতার বিষয়টিকে অধিকতর গুরুত্ব দিয়ে করমুক্ত আয়ের সীমা বাড়ানো প্রায়োজন।<br>• নতুন নতুন করদাতাদের কর প্রদানে উৎসাহিত করতে কর মুক্ত আয়ের সীমা নির্ধারনে বর্তমানে জীবন যাত্রার ব্যয় বৃদ্ধি এবং মূল্যস্ফীতির বিষয়টিকে গুরুত্ব সহকারে বিবেচনার প্রয়োজন।<br>• সর্ব স্তরের মানুষের কাছে সহনীয় হলে কর প্রদানের প্রতি মানুষের আগ্রহ বৃদ্ধি পাবে । ফলে করদাতার সংখ্যা বৃদ্ধি পাওয়ার সাথে সাথে রাজস্ব আয় বাড়বে।<br>• কর ফাঁকি হ্রাস পাবে।<br>• বিনিয়োগে উৎসাহিত হবে ও কর্মসংস্থান সৃষ্টি হবে।<br>• করের বোঝা লাঘব হবে। |

| ক্রমিক নং | প্রস্তাবের বিবরণ | যুক্তি |
|---|---|---|
| ২. | Merchant Bank এর ক্ষেত্রে কর্পোরেট করের হার ৩৭.৫% থেকে হ্রাস করে অন্যান্য লিমিটেড কোম্পানীর ন্যায় ৩৫% করার অনুরোধ করছি । Listed Companies এর ক্ষেত্রে কর্পোরেট করের হার ২৭.৫% থেকে হ্রাস করে ২৫% এবং brokerage operations এর ক্ষেত্রে কর্পোরেট করের হার ৩৫% থেকে হ্রাস করে ৩০% করার অনুরোধ করছি। | |
| ৩. | Non-Banking Financial Institution (NBFI) সমূহ বাণিজ্যিক ব্যাংকের ন্যায় বাংলাদেশ ব্যাংক দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত হয়। তাই কর আরোপের ক্ষেত্রে উভয় ক্ষেত্রে একই নিয়ম অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে। যেহেতু ধারা ২৮ (৩) এ NBFI এর কথা উল্লেখ নেই, তাই কর কর্তৃপক্ষ শুধু বাণিজ্যিক ব্যাংকগুলোকে এই ক্ষেত্রে সুবিধা দিয়ে থাকে। তাই অনাদায়ী ও সন্দেহজনক ঋণের সুদের উপর কর আরোপের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২৮ (৩) এ বাণিজ্যিক ব্যাংকের পাশাপাশি Non-Banking Financial Institution (NBFI) কে অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ করা হচ্ছে। | এই প্রস্তাব গৃহীত হলে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান গুলোও ব্যাংকের মতো অনাদায়ী ও সন্দেহজনক ঋণের সুদ হতে অর্জিত আয় (ইন্টারেষ্ট সাসপেন্স) এর ক্ষেত্রে কর অব্যাহতি সুবিধা পেতে পারে। |
| ৪. | Income Tax Ordinance, 1984 এর sub-section (2) of section 53H "financial institution" এর যে সংজ্ঞা আছে তা Financial Institutions Act, 1993 (Act No. 27 of 1993) এ "financial institution" এর সংজ্ঞার সাথে মিলিয়ে রাখার জন্য অনুরোধ করা হচ্ছে। | |
| ৫. | সকল ধরণের শিক্ষা খাতকে মূসক ও করের আওতামুক্ত রাখার প্রস্তাব করছি। | এতে শিক্ষার প্রসার এবং প্রকৃত শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠবে। শিক্ষাকে বাণিজ্যিকিকরণ নয় বরং সকলের জন্য শিক্ষাকে অবারিত রাখাই আমাদের প্রত্যাশা। শিক্ষা প্রসারের জন্য বই প্রকাশের ক্ষেত্রে আমদানিকৃত কাগজের উপর কর মওকুফ করা দরকার। একই ভাবে সরকারি ও বেসরকারি লাইব্রেরীতে অনুদান CSR এর ন্যায় করমুক্ত করার জন্য আবেদন করছি। বিদ্যমান SRO-186-AIN/IT/2014 dt. 01-07-2014. |
| ৬. | সামাজিক দায়বদ্ধতা বা Corporate social Responsibility (CSR) তে ব্যয়কৃত অর্থ সম্পূর্ণ আয়করমুক্ত করতে হবে। CSR এর জন্য আলাদা একটি অনুমোদিত খাত রাখার প্রস্তাব করছি। | NBR কর্তৃক CSR এর খাত সমূহ সুনির্দিষ্ট করা হোক। |
| ৭. | সফ্টওয়্যার ও আইটিইএস এর জন্য নির্ধারিত HS Code সুনির্দিষ্ট না থাকায় প্রায়শই সঠিকভাবে এ কোড উল্লেখ করা যাচ্ছে না। এমতাবস্থায় সফ্টওয়্যার ও আইটিইএস এর জন্য HS Code সুনির্দিষ্টকরণের প্রস্তাব করছি। | শ্রেণী বিন্যাসের বৈষম্যের কারণে একই প্রকৃতির পণ্য আমদানীতে ৫ গুণ বেশি শুল্ক পরিশোধ করতে হচ্ছে। এটি আইটি অবকাঠামো গঠনের পথে অন্তরায়। এর ফলে ডিজিটাল ক্লাসরুম, ল্যাব, ই-সেবা কেন্দ্র, ডাটা সেন্টার গড়ে তোলা প্রভৃতি ক্ষেত্রে সরকারের নেয়া উদ্যোগ বাস্তবায়নে বিলম্বিত হবে। |
| ৮. | ট্রাভেল এজেন্টসদের এজেন্সি কমিশন হিসেবে ৭% কমিশন প্রাপ্তির বিধান রয়েছে। কিন্তু বাজার প্রতিযোগীতার কারণে এজেন্টগণ ২-৩% কমিশন প্রাপ্ত হন। অবশিষ্ঠ কমিশন যাত্রীকে ছাড় দিতে হয়। তদুপরী কমিশনের উপর ৩% উৎসে কর প্রদান ট্রাভেল এজেন্টদের জন্য কষ্টসাধ্য হয়ে পড়বে। উৎসে কর ২% করার প্রস্তাব করা হলো। | উৎসে কর প্রদানে ট্রাভেল এজেন্ট উৎসাহীত হবে। |

| ক্রমিক নং | প্রস্তাবের বিবরণ | যুক্তি |
|---|---|---|
| ৯. | করমুক্ত সীমার উর্ধ্বের আয়ের ক্ষেএে প্রদেয় ন্যূনতম আয়করের পরিমান এলাকা ভেদে ২০১৪-২০১৫ অর্থবছরে যে হার ছিল ২০১৫- ২০১৬ অর্থ বৎসরে তাই রাখা বাঞ্ছনীয়। যেমন ঃ<br>• সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা ৩,০০০/- টাকা<br>• জেলা সদরের পৌরসভায় অবস্থিত করদাতা ২,০০০/- টাকা<br>• অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা ১,০০০/- টাকা | কেননা গত ২০১৪-১৫ অর্থবছরে রাজনৈতিক অস্থিতীশলতার দরুন আপামর ব্যবসায়ী সমাজ অনেক ক্ষতিগ্রস্থ হয়েছেন ও তাদের পূঁজি হারিয়েছেন সেই ক্ষতি পূরণের প্রথম ধাপ হিসাবে পুর্বের অর্থবছরের প্রদেয় নূন্যতম আয়করের হার যথাক্রমে ৩,০০০, ২,০০০, ১,০০০ টাকা ২০১৫-২০১৬ অর্থবৎসরেও নির্ধারিত রাখা অধিকতর যুক্তিযুক্ত বলে প্রস্তাব করছি। |
| ১০. | ২০১৪-২০১৫ অর্থবছরে আয়কর রিটানের সাথে দাখিলকৃত পরিসম্পদ ও দায় বিবরনীতে প্রদর্শিত নীট সম্পদের পরিমান ২ কোটি টাকা পর্যন্ত শূন্য। ২(দুই) কোটি টাকার উর্ধ্বে ও ১০ (দশ) কোটি টাকার মধ্যে হলে সার চার্জ ১০% এবং ১০(দশ) কোটি টাকা অধিক কিন্তু ২০ (বিশ) কোটি টাকার অধিক নয় সেক্ষেত্রে ১৫% সার চার্জ, ২০কোটি টাকার অধিক কিন্তু ৩০ কোটি টাকার অধিক নয় সেক্ষেত্রে ২০% সার চার্জ, ৩০ কোটি টাকার অধিক যে কোন অংকের উপর ২৫% সার চার্জ, এর স্থলে অন্যান্য স্লাবের সার চার্জের হার অপরিবর্তিত রেখে **২০১৫-২০১৬ অর্থবৎসরে নীট সম্পদের পরিমান ২ কোটি টাকার স্থলে ৪ (চার) কোটি টাকার পর্যন্ত সার চার্জের হার শূন্য প্রস্তাব করছি।** | যেহেতু প্রত্যেক করদাতা কর পরিশোধ করে-ই সম্পদের মালিক হয়েছেন সেহেতু ঐ সম্পদের উপর পুনরায় সারচার্জ আরোপ করাটা অযৌক্তিক। তাই বর্ণিত প্রস্তাব অনুযায়ী সারচার্জ আরোপ করলে ব্যবসায়ী সমাজের হয়তো করের ভার কিছুটা লাঘব হওয়ার সম্ভাবনা থাকতে পারে। |
| ১১. | গৃহ সম্পত্তি হতে আয় খাতে কর Income Tax Ordinance, 1984 এর (section-24,25) উল্লেখ্য যে বাড়ী ভাড়া হতে প্রাপ্ত আয় বিবেচনা ক্ষেত্রে অনুমোদন যোগ্য মোরামত ব্যায় আবাসিক ৩০% এবং বাণিজ্যিক ৩৫% করার প্রস্তাব করছি। | যেহেতু বাড়ী মেরামতের জন্য ব্যবহার কৃত জিনিষপত্র, ফিটিংস্, সংস্কার, রক্ষণাবেক্ষন, নিরাপত্তারক্ষী, পাম্প চালক, লিফট ম্যান, কেয়ার টেকারের বেতন, ভাড়া আদায়, পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন, বিদ্যুৎবিল, গ্যাস বিল এবং মৌলিক প্রকৃতির সেবা গ্রহনের বিনিময় মুল্য তথা নির্মাণ শ্রমিকের মজুরি বহুগুণে বৃদ্ধি পাওয়ায় ব্যবস্থাপনা খরচ অনেক গুণে বৃদ্ধি পেয়েছে। তা ছাড়া দীর্ঘ বহু বছর যাবৎ অনুমোদন যোগ্য মেরামত ব্যয়ের হার বাড়ানো হয় নাই। তাই আগামি ২০১৫-২০১৬ অর্থ বৎসরে এই হার আবাসিক ৩০% এবং বাণিজ্যিক ৩৫% করার প্রস্তাব করছি। |
| ১২. | **আয়কর অধ্যাদেশ Section ১৯ এর Sub-section ২১ , ঋণ ফেরত না দেওয়ার ফলে আয়কর**<br>ডিসিসিআই উক্ত টাকার সীমা ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা থেকে ১০,০০,০০০/- (দশ লক্ষ) করার প্রস্তাব করছি। | যদি কোন করদাতা কোন আয় বৎসরে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত ঋণ হিসাবে গ্রহণ করেন এবং ঐ ঋণ যদি কোন আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত অথবা অন্য কাহারো নিকট হইতে ক্রসড চেকের মাধ্যমে প্রাপ্ত না হইয়া থাকে এবং সে বছরে উক্ত ঋণ গ্রহণ করা হইয়াছে তাহা তিন বৎসরের মধ্যে উক্ত টাকা সম্পূর্ণ পরিশোধ করা না হইলে, উক্ত টাকা বা উহার সে অংশ যাহা পরিশোধ করা হয় নাই, তাহা আয় বৎসর শেষ হইবার পরবর্তী তিন বৎসর পরের আয় বৎসরে করদাতার আয় হিসাবে গন্য করার অনুরোধ করছি। |
| ১৩. | VAT Act এ যেভাবে Export এর সংজ্ঞা দেয়া আছে Income Tax Ordinance, 1984 এ সেভাবে Export এর সুস্পষ্ট ব্যাখ্যাসহ সংজ্ঞা করার প্রস্তাব করছি।<br>Need to incorporate<br>(A) Service export, which has been done by Bangladeshi companies those are wholly or partly engaged to provide full techno commercial solution in power and energy sectors. | Exclusions from total income as per Income Tax Ordinance 1984, sixth schedule, Part A, An amount equal to fifty per cent of the income of an assessee, other than a company not registered in Bangladesh, derived [from the business of export, but it shall not apply in case of an assessee , who is enjoying exemption of tax or reduction in rate of tax by any notification made under this ordinance]<br>Explanation :- For the purpose of this paragraph,-<br>(a)Sale of locally manufactured machinery, equipments and other finished products within the country to any agency against it procurement program in foreign exchange quota; and<br>(b)Supply of locally manufactured raw materials and other inputs to export –oriented industry under internal back-to back letter of credit,<br>Shall also be included in the definition of “business export” |

| ক্রমিক নং | প্রস্তাবের বিবরণ | যুক্তি |
|---|---|---|
| | | a) Savings of foreign currency; for example if the work done by foreign company then all payments which is made in foreign currency goes outside of country & consequently effect the reserve of foreign currency. On other hand when it is made by local company then it's saving the reserve of foreign currency.<br>b) If local company does the same job then local employment generation is there.<br>c) Backward Linkage Company will explore<br>d) Competitive market creation<br>e) Revenue income will increase<br>Often we see in Engineering Procurement and construction (EPC) /Independent Power Producer (IPP) contract specially in power sector. For example of definition we may also look in The VAT Act' Rule and act 1991<br>Rule (২) ( ঙ ঙ ঙ ঙ) "প্রচ্ছন্ন রপ্তাকিারক" অর্থ এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র, অথবা স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে বাংলাদেশের অভ্যন্তরে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পণ্য সরবরাহ অথবা সেবা প্রদান করেন।<br>অপঃ -২-(শ)(ই) "আন্তর্জাতিক দরপত্রের আওতায়, বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে, বৈদেশিক মুদ্রার বিনিময়ে বাংলাদেশের অভ্যন্তরে সরবারহকৃত পণ্য বা সেবা" -রপ্তানীকৃত বলিয়া গণ্য হবে । |
| ১৪. | To sustainable development in the country, transport sector is playing vital role here and all type of transport has to import from overseas. In that sector production/ assembling plant should be under tax holiday.<br><br>46 B (R) এ বিষয় কিছু উল্লেখ করা থাকলেও তা পর্যাপ্ত নয়। | No tax holiday in transport assembling factory<br><br>a) Savings of foreign currency<br>b) Employment generation<br>c) Backward linkage industry will explore<br>Opportunity to create export |
| ১৫. | Proposed for Advance Income Tax should be 3% at import stage instead of existing. | AIT 5% tax on import stage<br>So many businesses profit is not 5%. During the transaction/business it is mostly impossible to adjust 5% deducted tax at source or to be assessed as final. |
| ১৬. | Proposed for Cash incentive 5% against Engineering , Procurement and Construction (EPC) | Incentive against EPC<br>a) Savings of foreign currency; for example if the work done by foreign company then all payments which is made in foreign currency goes outside of country & consequently effect the reserve of foreign currency. On other hand when it is made by local company then it's saving the reserve of foreign currency.<br>b) If local company does the same job then local employment generation is there.<br>c) Backward Linkage Company will explore<br>d) Competitive market creation<br>e) Revenue income will increase |

# ২০১৫-১৬ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভূক্তির জন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাষ্ট্রি (ডিসিসিআই) এর সুপারিশমালা

## ২। আমদানি শুল্ক ও সম্পূরক শুল্ক সংক্রান্ত প্রস্তাব

| ক্রমিক নং | পণ্যের নাম ও কোড নম্বর/প্রস্তাবের শিরোনাম | প্রস্তাব | বিদ্যমান অবস্থা | যুক্তি |
|---|---|---|---|---|
| ১. | ৯০০-১২০০ সিসি কার সিবিউ (এইচ.এস.কোড- ৮৭০৩.২১.৩১) | সম্পূরক শুল্ক ৩০% | আমদানী শুল্ক ২৫%<br>সম্পূরক শুল্ক ৪৫%<br>রেগুলেটরী শুল্ক ৫%<br>ভ্যাট ১৫% | পরিবেশ বান্ধব, সহজলভ্য, বৈদেশিকমুদ্রা ও জ্বালানী সাশ্রয়ী ও সর্বত্রগামী ছোট সিসির মটরকার এদেশে খুবই জনপ্রিয় হয়ে উঠেছে। বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে যাহা খুবই উপযোগী। নতুন Slab সৃষ্টি করে নতুন শুল্ক স্বর প্রবর্তনের প্রস্তাব করছি। জনমুখী ও জনস্বার্থে আমদানীর বেলায় বিশেষতঃ বৃহত্তর মধ্যবিত্ত শ্রেণী ও পেশাজীবি যেমন শিক্ষক, সরকারী ও বেসরকারী চাকুরীজীবি, উকিল, ডাক্তার ও ব্যবসায়ীদের জন্য এই গাড়িগুলিকে ক্রয় ক্ষমতার মধ্যে আন্তে হলে সম্পূরক শুল্ক কমানো উচিত বলে আমরা মনে করি। |
| ২. | ৪-ষ্ট্রোক মটর সাইকেল সিকেডি (এইচ.এস.কোড- ৮৭১১.২০.২১ ২৫০ সিসি পর্যন্ত) | সম্পূরক শুল্ক ১০% | আমদানী শুল্ক ২৫%<br>সম্পূরক শুল্ক ৩০%<br>রেগুলেটরী শুল্ক ৫%<br>ভ্যাট ১৫% | বাংলাদেশে যোগাযোগ ব্যবস্থার উন্নতির সঙ্গে পরিবহন সেক্টরে মোটরসাইকেলের অবদান অপরিসীম। জীবনযাত্রার মানবৃদ্ধি ও অর্থনৈতিক প্রবৃদ্ধির কারনে মোটরসাইকেলের চাহিদা ১৮-২০ শতাংশ হারে বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে কাচাঁমালের মূল্য বৃদ্ধি, রাজনৈতিক অস্থিরতায় এই প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার স্বার্থে সিকেডি পর্যায়ে সম্পূরক শুল্ক ১৫% ধার্য করিলে স্থানীয় শিল্পসমূহ টিকে থাকতে পারবে।<br>স্থানীয় শিল্পসংরক্ষনের স্বার্থে ও মধ্যবিত্ত জনগণের একান্ত নিজস্ব বাহনের মূল্য ক্রয় ক্ষমতার মধ্যে রাখার জন্য সিকেডি পর্যায়ে ৪-ষ্ট্রোক মোটর সাইকেল আমদানীর ক্ষেত্রে সম্পূরক শুল্ক হ্রাস করে সিবিউ গাড়ীর উপর অধিকতর হারে শুল্ক আরোপ করে ঘাটতি রাজস্বের সমন্বয় করা যায়। ফলে সিকেডি মোটর সাইকেলের আমদানী বৃদ্ধি পাবে সাথে সাথে সরকারের রাজস্বও বৃদ্ধি পাইবে এবং সংযোজন শিল্প সমূহ বিকশিত হওয়ার ফলে কর্মসংস্থান বৃদ্ধি পাবে। |
| ৩. | ডাবল কেবিন পিক-আপ সিবিইউ (এইচ.এস.কোড- ৮৭০৪.২১.১৪) (২০০১- ২৭৫০ সিসি পর্যন্ত | সম্পূরক শুল্ক ১৫% | আমদানী শুল্ক ২৫%<br>সম্পূরক শুল্ক ৬০%<br>ভ্যাট ১৫% | সাধারণত এই গাড়ীগুলি সরকারী ও বেসরকারী মাঠ পর্যায়ে ব্যবহৃত হয়ে থাকে। সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের ব্যয় কমানো তথা রাজস্ব প্রাপ্তির স্বার্থে উক্ত সিসির গাড়ীগুলোর শুল্ক হ্রাস করা উচিত। ফলে সরকারী খাতের সাথে সাথে বেসরকারী খাতের উদ্যোক্তা সমূহ সহজেই উক্ত শ্রেণীর গাড়ীগুলো অধিক হারে ব্যবহার করতে পারবে। বর্তমানে দেশের অবকাঠামোগত উন্নয়ন যেমন- ফোর লেন, ব্রীজ, ফ্লাইওভার সহ অন্যান্য উন্নয়ন অত্যন্ত দ্রুততার সহিত চলছে। সম্পূরক শুল্ক কমালে উক্ত শ্রেণীর গাড়ীগুলি সরকারী ও বেসরকারী মাঠ পর্যায়ে অধিক হারে ব্যবহৃত হবে এবং সরকারের রাজস্ব বৃদ্ধি পাবে এবং অধিক কর্মসংস্থানের পথ সুগম হবে। |
| ৪. | ৪-ষ্ট্রোক থ্রি হুইলার সিবিইউ (এইচ.এস.কোড- ৮৭০৩.৯০.১১) | সম্পূরক শুল্ক ১৫% | আমদানী শুল্ক ২৫%<br>সম্পূরক শুল্ক ২০%<br>রেগুলেটরী শুল্ক ৫% | বাংলাদেশে যোগাযোগ ব্যবস্থার উন্নতির সঙ্গে পরিবহন সেক্টরে থ্রি হুইলার এর অবদান অপরিসীম। জীবনযাত্রার মানবৃদ্ধি ও অর্থনৈতিক প্রবৃদ্ধির কারনে এই বাহনের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে এবং এর ধারাবাহিকতায় স্থানীয় পর্যায়ে তৈরীর চেষ্টা হচ্ছে। বর্তমানে এই প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার স্বার্থে সম্পূরক শুল্ক হ্রাস করিলে উক্ত বাহনটি সাধারণ শ্রেণীর ক্রয়ক্ষমতার মধ্যে আসবে।<br>বর্তমানে গ্রাম বাংলায় থ্রি হুইলার অটোরিক্সা একমাত্র বাহন হিসাবে সর্বজন স্বীকৃত। নিম্ন আয়ের গ্রামবাসীরা একস্থান থেকে অন্যস্থানে চলাচলের জন্য থ্রি হুইলার অটোরিক্সাই একমাত্র বাহন। জনমুখী ও জনস্বার্থে মধ্যবিত্ত জনগণের একান্ত নিজস্ব বাহনের মূল্য ক্রয় ক্ষমতার মধ্যে রাখার জন্য সিবিইউ পর্যায়ে ৪-ষ্ট্রোক অটোরিক্সার সম্পূরক শুল্ক ০% করার প্রস্তাব করছি। এতে যেমন উক্ত শ্রেণীর গাড়ীটির আমদানী বাড়বে এবং এর সাথে সাথে সরকারের রাজস্বের পরিমান অধিক হারে বৃদ্ধি পাবে। |

| ক্রমিক নং | পণ্যের নাম ও কোড নম্বর/প্রস্তাবের শিরোনাম | প্রস্তাব | বিদ্যমান অবস্থা | যুক্তি |
|---|---|---|---|---|
| ৫. | টিটানিয়াম ডাই-অক্সাইড ২৮২৩.০০.০০ | আমদানি শুল্ক ৫% | আমদানি শুল্ক ১০% | টিটানিয়াম ডাই-অক্সাইড হলো মোল্ডিং কম্পাউন্ড তৈরির অন্যতম প্রধান সহযোগী কাচাঁমাল। যাহা মেলামাইন শিল্পের মৌলিক কাচাঁমাল । কিন্তু আমাদের দেশে টিটানিয়াম ডাই-অক্সাইড আমদানির উপর সম্পুর্নরূপে নির্ভর। দেশে ইহার কোন উৎপাদন নেই। ইহা রং ও পিভিসি পাইপ শিল্পেরও অন্যতম প্রধান মৌলিক কাচাঁমাল । অতএব, স্থানীয় মোল্ডিং কম্পাউন্ড উৎপাদনকারী প্রতিষ্ঠানের অপরিহার্য রাসায়নিক কাচাঁমাল হিসাবে টিটানিয়াম ডাই-অক্সাইড ব্যবহৃত হয় বিধায় উক্ত টিটানিয়াম ডাই-অক্সাইড এর উপর ৫% আমদানী শুল্ক প্রস্তাব করছি। এতে বিপুল কর্মসংস্থান সৃষ্টি হবে। বিদেশী আমদানিকৃত মোল্ডিং কম্পাউন্ড প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সাথে স্থানীয় শিল্প প্রতিষ্ঠানগুলো প্রতিযোগিতায় টিকে থাকতে সক্ষম হবে ও স্থানীয় রাজস্ব বাবদ মূসক আদায়ের বিষয়টিও নিশ্চিত হবে এবং প্রচুর বৈদেশীক মুদ্রার সাশ্রয় হবে। |
| ৬. | জিংক ষ্টিয়ারেট ২৯১৫.৭০.১০ | আমদানি শুল্ক ৫% | আমদানি শুল্ক ১০% | জিংক ষ্টিয়ারেট হলো মোল্ডিং কম্পাউন্ড তৈরির অন্যতম প্রধান সহযোগী কাচাঁমাল। যাহা মেলামাইন শিল্পের মৌলিক কাচাঁমাল কিন্তু আমাদের দেশে জিংক ষ্টিয়ারেট আমদানির উপর সম্পুর্নরূপে নির্ভর। দেশে ইহার কোন উৎপাদন নেই। ইহা প্লাষ্টিক পাদুকা শিল্পেরও অন্যতম প্রধান মৌলিক কাচাঁমাল। অতএব, স্থানীয় মোল্ডিং কম্পাউন্ড উৎপাদনকারী প্রতিষ্ঠানের অপরিহার্য রাসায়নিক কাচাঁমাল হিসাবে জিংক ষ্টিয়ারেট ব্যবহৃত হয় বিধায় উক্ত জিংক ষ্টিয়ারেট এর উপর ৫% আমদানী শুল্ক প্রস্তাব করছি। এতে বিপুল কর্মসংস্থান সৃষ্টি হবে। বিদেশী আমদানিকৃত মোল্ডিং কম্পাউন্ড প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সাথে স্থানীয় শিল্প প্রতিষ্ঠানগুলো প্রতিযোগিতায় টিকে থাকতে সক্ষম হবে ও স্থানীয় রাজস্ব বাবদ মূসক আদায়ের বিষয়টিও নিশ্চিত হবে এবং প্রচুর বৈদেশীক মুদ্রার সাশ্রয় হবে। |
| ৭. | কিউরিং এজেন্ট (হার্ডনার) ৩৮২৪.৯০.৯০ | আমদানি শুল্ক ৫% | আমদানি শুল্ক ১০% | কিউরিং এজেন্ট (হার্ডনার) হলো মোল্ডিং কম্পাউন্ড তৈরির অন্যতম প্রধান সহযোগী কাচাঁমাল। যাহা মেলামাইন শিল্পের মৌলিক কাচাঁমাল কিন্তু আমাদের দেশে কিউরিং এজেন্ট (হার্ডনার) আমদানির উপর সম্পুর্নরূপে নির্ভর। দেশে ইহার কোন উৎপাদন নেই। ইহা আটিফিশিয়াল লেদার (রেক্সিন) শিল্পেরও অন্যতম প্রধান মৌলিক কাচাঁমাল । অতএব, স্থানীয় মোল্ডিং কম্পাউন্ড উৎপাদনকারী প্রতিষ্ঠানের অপরিহার্য রাসায়নিক কাচাঁমাল হিসাবে কিউরিং এজেন্ট (হার্ডনার) ব্যবহৃত হয় বিধায় উক্ত কিউরিং এজেন্ট (হার্ডনার) এর উপর ৫% আমদানী শুল্ক প্রস্তাব করছি। এতে বিপুল কর্মসংস্থান সৃষ্টি হবে। বিদেশী আমদানিকৃত মোল্ডিং কম্পাউন্ড প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সাথে স্থানীয় শিল্প প্রতিষ্ঠানগুলো প্রতিযোগিতায় টিকে থাকতে সক্ষম হবে ও স্থানীয় রাজস্ব বাবদ মূসক আদায়ের বিষয়টিও নিশ্চিত হবে এবং প্রচুর বৈদেশীক মুদ্রার সাশ্রয় হবে। |
| ৮. | Others Switches 8536.50.00 | সম্পূরক শুল্ক ৪৫% | আমদানী শুল্ক ২৫%<br>ভ্যাট ১৫%<br>সম্পূরক শুল্ক ২০% | বর্তমানে বাংলাদেশে বৈদ্যুতিক আদার সুইচেস তৈরির ৩২টি শিল্প কারখানা গড়ে উঠেছে। যার উৎপাদিত পন্য অত্যন্ত গুনগত মান সম্পন্ন যাহা আন্তর্জাতিক সরঞ্জাম এর সমতুল্য। স্থানীয় পর্যায়ে উৎপাদিত সুইচেস দেশের চাহিদা পূরন করে বিদেশে রফতানী করিতে সক্ষম। কিন্তু কম মূল্যায়িত শুল্কায়নের ফলে স্থানীয় পর্যায়ে উৎপাদিত বৈদ্যুতিক সুইচেস সমুহ বাজারজাত করা অসম্ভব হয়ে পড়েছে। ফলে স্থানীয় বৈদ্যুতিক সুইচেস উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো দারুন ভাবে আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে ফলে রূগ্ন শিল্পে পরিনত হওয়ার উপক্রম হয়েছে। আমাদের প্রস্তাবটি সদয় বিবেচনা / গৃহীত হলে একদিকে যেমন বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে। অন্যদিকে অপ্রয়োজনীয় আমদানী বন্ধ হয়ে বিপুল কর্মসংস্থানের সৃষ্টিসহ উৎপাদন পর্যায়ে স্থানীয় রাজস্ব বাবদ মূসক যথাযথভাবে আদায় করা সম্ভব হবে এবং আমাদের স্থানীয় শিল্প প্রতিষ্ঠানগুলো প্রতিযোগিতায় টিকে থাকবে এবং দেশ অর্জন করবে বৈদ্যুতিক সুইচেস উৎপাদনের সক্ষমতা। এতে ব্যাপক কর্মসংস্থানের সৃষ্টি হবে এবং আমদানী নির্ভরতা হ্রাস পেয়ে প্রচুর বৈদেশিক মূদ্রার সাশ্রয় হবে এবং এই শিল্পে আরো নতুন বিনিয়োগ তরান্বিত হবে। |

| ক্রমিক নং | পণ্যের নাম ও কোড নম্বর/প্রস্তাবের শিরোনাম | প্রস্তাব | বিদ্যমান অবস্থা | যুক্তি |
|---|---|---|---|---|
| ৯. | Lamp Holders<br>8536.61.00 | সম্পূরক শুল্ক ২০% | আমদানী শুল্ক ২৫%<br>ভ্যাট ১৫%<br>সম্পূরক শুল্ক ০% | বর্তমানে বাংলাদেশে বৈদ্যুতিক ল্যাম্প হোল্ডার তৈরির ৩২টি শিল্প কারখানা গড়ে উঠেছে। যার উৎপাদিত পন্য অত্যন্ত গুনগত মান সম্পন্ন যাহা আন্তর্জাতিক সরঞ্জাম এর সমতুল্য। স্থানীয় পর্যায়ে উৎপাদিত ল্যাম্প হোল্ডার দেশের চাহিদা পূরন করে বিদেশে রফতানী করিতে সক্ষম। কিন্তু কম মূল্যায়িত শুল্কায়নের ফলে স্থানীয় পর্যায়ে উৎপাদিত বৈদ্যুতিক ল্যাম্প হোল্ডার সমুহ বাজারজাত করা অসম্ভব হয়ে পড়েছে। ফলে স্থানীয় বৈদ্যুতিক ল্যাম্প হোল্ডার উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো দারুন ভাবে আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে ফলে রূগ্ন শিল্পে পরিনত হওয়ার উপক্রম হয়েছে। আমাদের প্রস্তাবটি সদয় বিবেচনা / গৃহীত হলে একদিকে যেমন বৈদেশিক মূদ্রা সাশ্রয় হবে। অন্যদিকে অপ্রয়োজনীয় আমদানী বন্ধহয়ে বিপুল কর্মসংস্থানের সৃষ্টিসহ উৎপাদন পর্যায়ে স্থানীয় রাজস্ব বাবদ মূসক যথাযথভাবে আদায় করা সম্ভব হবে এবং আমাদের স্থানীয় শিল্প প্রতিষ্ঠানগুলো প্রতিযোগিতায় টিকে থাকবে এবং দেশ অর্জন করবে বৈদ্যুতিক ল্যাম্প হোল্ডার উৎপাদনের সক্ষমতা। এতে ব্যাপক কর্মসংস্থানের সৃষ্টি হবে এবং আমদানী নির্ভরতা হ্রাস পেয়ে প্রচুর বৈদেশিক মূদ্রার সাশ্রয় হবে এবং এই শিল্পে আরো নতুন বিনিয়োগ তরান্বিত হবে। |
| ১০. | Other (Electrical Switch & Sockets)<br>8536.69.00 | সম্পূরক শুল্ক ৪৫% | আমদানী শুল্ক ২৫%<br>ভ্যাট ১৫%<br>সম্পূরক শুল্ক ২০% | বর্তমানে বাংলাদেশে আদার-বৈদ্যুতিক সুইচ এবং সকেটস তৈরির ৩২টি শিল্প কারখানা গড়ে উঠেছে। যার উৎপাদিত পন্য অত্যন্ত গুনগত মান সম্পন্ন যাহা আর্ন্তজাতিক বৈদ্যুতিক সরঞ্জাম এর সমতুল্য। স্থানীয় পর্যায়ে উৎপাদিত -বৈদ্যুতিক সুইচ এবং সকেটস দেশের চাহিদা পূরন করে বিদেশে রফতানী করিতে সক্ষম। কিন্তু কম মূল্যায়িত শুল্কায়নের ফলে স্থানীয় পর্যায়ে উৎপাদিত বৈদ্যুতিক -বৈদ্যুতিক সুইচ এবং সকেটস সমুহ বাজারজাত করা অসম্ভব হয়ে পড়েছে। ফলে স্থানীয় বৈদ্যুতিক, বৈদ্যুতিক সুইচ এবং সকেটস উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো দারুন ভাবে আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে ফলে রূগ্ন শিল্পে পরিনত হওয়ার উপক্রম হয়েছে। আমাদের প্রস্তাবটি সদয় বিবেচনা/গৃহীত হলে একদিকে যেমন বৈদেশিক মূদ্রা সাশ্রয় হবে। অন্যদিকে অপ্রয়োজনীয় আমদানী বন্ধ হয়ে বিপুল কর্মসংস্থানের সৃষ্টিসহ উৎপাদন পর্যায়ে স্থানীয় রাজস্ব বাবদ মূসক যথাযথভাবে আদায় করা সম্ভব হবে এবং আমাদের স্থানীয় শিল্প প্রতিষ্ঠানগুলো প্রতিযোগিতায় টিকে থাকবে এবং দেশ অর্জন করবে বৈদ্যুতিক সুইচ এবং সকেটস উৎপাদনের সক্ষমতা। এতে ব্যাপক কর্মসংস্থানের সৃষ্টি হবে এবং আমদানী নির্ভরতা হ্রাস পেয়ে প্রচুর বৈদেশিক মূদ্রার সাশ্রয় হবে এবং এই শিল্পে আরো নতুন বিনিয়োগ তরান্বিত হবে। |
| ১১. | Other Apparatus (Electrical Switch & Sockets)<br>8536.90.00 | সম্পূরক শুল্ক ২০% | আমদানী শুল্ক ২৫%<br>ভ্যাট ১৫%<br>সম্পূরক শুল্ক ০% | বর্তমানে বাংলাদেশে বৈদ্যুতিক আদার বৈদ্যুতিক এ্যাপারেটোস তৈরির ৩২টি শিল্প কারখানা গড়ে উঠেছে। যার উৎপাদিত পন্য অত্যন্ত গুনগত মান সম্পন্ন যাহা আর্ন্তজাতিক বৈদ্যুতিক সরঞ্জাম এর সমতুল্য। স্থানীয় পর্যায়ে উৎপাদিত বৈদ্যুতিক এ্যাপারেটোস দেশের চাহিদা পূরন করে বিদেশে রফতানী করিতে সক্ষম। কিন্তু কম মূল্যায়িত শুল্কায়নের ফলে স্থানীয় পর্যায়ে উৎপাদিত বৈদ্যুতিক বৈদ্যুতিক এ্যাপারেটোস সমুহ বাজারজাত করা অসম্ভব হয়ে পড়েছে। ফলে স্থানীয় বৈদ্যুতিক বৈদ্যুতিক এ্যাপারেটোস উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো দারুন ভাবে আর্থিক ক্ষতির ফলে রূগ্ন শিল্পে পরিনত হওয়ার উপক্রম হয়েছে। আমাদের প্রস্তাবটি সদয় বিবেচনা/গৃহীত হলে একদিকে যেমন বৈদেশিক মূদ্রা সাশ্রয় হবে। অন্যদিকে অপ্রয়োজনীয় আমদানী বন্ধ হয়ে বিপুল কর্মসংস্থানের সৃষ্টিসহ উৎপাদন পর্যায়ে স্থানীয় রাজস্ব বাবদ মূসক যথাযথভাবে আদায় করা সম্ভব হবে এবং আমাদের স্থানীয় শিল্প প্রতিষ্ঠানগুলো প্রতিযোগিতায় টিকে থাকবে এবং দেশ অর্জন করবে বৈদ্যুতিক এ্যাপারেটোস উৎপাদনের সক্ষমতা। এতে ব্যাপক কর্মসংস্থানের সৃষ্টি হবে এবং আমদানী নির্ভরতা হ্রাস পেয়ে প্রচুর বৈদেশিক মূদ্রার সাশ্রয় হবে এবং এই শিল্পে আরো নতুন বিনিয়োগ তরান্বিত হবে। |

| ক্রমিক নং | পণ্যের নাম ও কোড নম্বর/প্রস্তাবের শিরোনাম | প্রস্তাব | বিদ্যমান অবস্থা | যুক্তি |
|---|---|---|---|---|
| ১২. | সোলার মডিউল<br>৮৫৪১.৪০.১০ | সোলার সেল এবং সোলার মডিউলের জন্য প্রথম তফসিলে পৃথক এইচ.এস. কোড নির্ধারন করার প্রস্তাব করছি। | সোলার সেল এবং সোলার মডিউল একই কোডঃ ৮৫৪১.৪০.১০ এর আওতায় আমদানি করা হয়। | বর্তমান সরকার সোলার প্যানেল উৎপাদনকারীদের সুবিধার্থে সোলার মডিউল উৎপাদনের অন্যতম কাঁচামাল সোলার সেলের উপর সব ধরণের শুল্ক প্রত্যাহার করেছে। কিন্তু একই এইচ.এস. কোড এর আওতায় থাকার কারনে সোলার মডিউলও সম্পূর্ণ ফিনিশড গুডস অবস্থায় বিনা শুল্কে আমদানি করে দেশীয় উৎপাদনকারীদের অসুস্থ প্রতিযোগীতায় ঠেলে দিচ্ছে। |
| ১৩. | সোলার মডিউল<br>৮৫৪১.৪০.১০ | আমদানি শুল্ক ২৫%<br>সম্পুরক শুল্ক ৪৫% | আমদানি শুল্ক ০%<br>সম্পুরক শুল্ক ০% | NBR আগামী অর্থবছরের বাজেটে আমদানিকৃত সৌর প্যানেলের উপর ৩০%-৪০% শুল্ক এবং ৭০% - ৮০% সম্পূরক শুল্ক আরোপ করা যার ফলে বিদ্যমান নিন্মমানের প্যানেল আমদানির অসুস্থ প্রতিযোগিতা থেকে আমাদের স্থানীয় শিল্পকে রক্ষা করা যাবে। এর ফলে ভোক্তা সাধারণের দোর গোড়ায় আমরা সঠিক মানের পণ্য পৌঁছে দিতে সক্ষম হবো। |
| ১৪. | Liquid Glucose<br>H. S. Code<br>1702.30.20 | আমদানি শুল্ক সর্বোচ্চ<br>সম্পুরক শুল্ক ৪৫% | আমদানি শুল্ক ২৫%<br>সম্পুরক শুল্ক ৩০% | ক) লিকুইড গ্লুকোজ তথা গ্লুকোজ সিরাপ দেশে উৎপাদিত কৃষিপণ্য যথা মিষ্টি আলু, কাসাভা, ভুট্টা ইত্যাদি ব্যবহার করিয়া দেশে উৎপাদিত হয়। দেশীয় শিল্প প্রতিষ্ঠান ইহার অভ্যন্তরীন চাহিদা পূরণে সক্ষম। অথচ ইহার আমদানী শুল্ক দফায় দফায় কমাইয়া ২৫% করা হইয়াছে। দ্বিতীয়তঃ সম্পুরক শুল্ক ন্যূনতম পর্যায়ে মাত্র ৩০% আরোপ করা হইয়াছে। ফলে আমদানীকৃত লিকুইড গ্লুকোজের সহিত দেশীয় লিকুইড গ্লুকোজ প্রতিযোগিতায় টিকিয়া থাকিতে পারিতেছে না। দেশীয় শিল্প ও কৃষকের স্বার্থে লিকুইড গ্লুকোজ ও গ্লুকোজ সিরাপের বর্তমান ৩০% সম্পুরক শুল্কের স্থলে ৪৫% সম্পুরক শুল্ক ধার্য্য করার প্রস্তাব করিতেছি। স্টার্চ, গ্লুকোজ উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের উদ্দোগে দেশে এখন কাসাভার চাষ হইতেছে। আগামী মৌসুমে কাসাভা ক্রয়ের জন্য কয়েক হাজার চাষীকে আশ্বাস দেওয়া হইয়াছে। কিন্তু যদি লিকুইড গ্লুকোজের আমদানী মুল্য কম হয় তবে দেশীয় লিকুইড গ্লুকোজ বিক্রয় অসম্ভব হইবে এবং কাসাভা চাষীগন ন্যায্যমূল্য পাইবে না ও তাহাদের অস্থিত্ব বিপন্ন হইবে। দেশের শিল্পসমুহের উৎপাদন ক্ষমতা (২৪,০০০ টন) দেশের চাহিদা (৯,০০০ টন) অপেক্ষা বেশী। দেশের লিকুইড গ্লুকোজের চাহিদা মেটাতে আমরা সম্পূর্ণরূপে সক্ষম। |
| | Others (Glucose & Glucose Syrup)<br>H. S. Code<br>1702.30.90 | আমদানি শুল্ক সর্বোচ্চ<br>সম্পুরক শুল্ক ৪৫% | আমদানি শুল্ক ২৫%<br>সম্পুরক শুল্ক ৩০% | |
| | Glucose & Glucose Syrup<br>H. S. Code<br>1702.40.00 | আমদানি শুল্ক সর্বোচ্চ<br>সম্পুরক শুল্ক ৪৫% | আমদানি শুল্ক ২৫%<br>সম্পুরক শুল্ক ৩০% | |
| ১৫. | Dextrose Monohydrate<br>H. S. Code<br>1702.30.10 | আমদানি শুল্ক সর্বোচ্চ<br>সম্পুরক শুল্ক ৪৫% | আমদানি শুল্ক ২৫%<br>সম্পুরক শুল্ক ৩০% | ডেক্সট্রোজ মনোহাইড্রেট দেশে উৎপাদিত কৃষিপণ্য যথা মিষ্টি আলু, কাসাভা, ভুট্টা ইত্যাদি ব্যবহার করিয়া দেশে উৎপাদিত হয়। দেশীয় শিল্প প্রতিষ্ঠান ইহার চাহিদা পূরণে সম্পূর্ণরুপে সক্ষম। ফলে আমদানীকৃত ডেক্সট্রোজ মনোহাইড্রেটের সহিত দেশীয় ডেক্সট্রোজ মনোহাইড্রেট প্রতিযোগিতায় টিকিয়া থাকিতে পারিতেছে না। দেশীয় শিল্প ও কৃষকের স্বার্থে ডেক্সট্রোজ মনোহাইড্রেটের উপর সম্পূরক শুল্ক ৩০% স্থলে ৪৫% সম্পুরক শুল্ক আরোপ করার প্রস্তাব করিতেছি।<br>(ক) **<u>ডেক্সট্রোজ এনহাইড্রাস/ ডেক্সট্রোজ মনোহাইড্রেট (বিপি/ইউএসপি পাইরোজেন ফ্রি )</u>** : আলোচ্য আইটেমটি কেবল মাত্র ঔষধ শিল্পে ইনজেক্টেবল স্যালাইন হিসাবে সর্বাধিক সতর্কতার সহিত প্রস্তুত করিয়া মানব দেহের শিরায় (Intra-venus) সরাসরি প্রয়োগ করা হয়। অতএব ইহার বিচার বিশেণ্ডষন করিয়া কেবল মাত্র ঔষধ প্রশাসনের অনুমোদনক্রমে বিপি /ইউএসপিতে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী বিদেশ হইতে আমদানী হয়। অতএব উপরোক্ত আলোচ্য ডেক্সট্রোজ কে আলাদা এইচ এস কোডের মাধ্যমে পৃথকীকরণ করা না হইলে ইহার অপব্যবহারের আশংকা থাকিয়া যায়।<br>খ) **<u>ডেক্সট্রোজ মনোহাইড্রেট (ফুড গ্রেড)</u>** : দেশে প্রস্তুতকৃত উপরোক্ত আলোচ্য আইটেমটি মূলতঃ **এনার্জি ড্রিংক** হিসাবে এই দেশে বহুবছর ধরে ব্যবহার হইয়া আসিতেছে। যাহা বি এস টি আই কর্তৃক অনুমোদিত। অতএব বর্ণিত অবস্থার প্রেক্ষিতে ডেক্সট্রোজ মনোহাইড্রেট (ফুড গ্রেড) H.S. Code 1702.30.10 হইতে বিভাজন করিয়া পৃথক H.S. Code-এ সুনির্দিষ্ট ভাবে সন্নিবেশীত করিয়া ৪৫% সম্পূরক শুল্ক আরোপ করিবার জন্য বিনীত আবেদন জানাইতেছি। |

| ক্রমিক নং | পণ্যের নাম ও কোড নম্বর/প্রস্তাবের শিরোনাম | প্রস্তাব | বিদ্যমান অবস্থা | যুক্তি |
|---|---|---|---|---|
| ১৬. | Dextrins and Other modified starches 3505.10.00 | আমদানি শুল্ক-সর্বোচ্চ<br>সম্পুরক শুল্ক-৪৫% | আমদানি শুল্ক-২৫%<br>সম্পুরক শুল্ক-০%<br>রেগুলেটরী শুল্ক-৫% | ১৭০২ হেডিং এর লিকুইড গ্লুকোজ এবং ৩৫০৫ হেডিং এর ডেক্সট্রিন, মডিফাইড ষ্টার্ট ও গ্লু ইত্যাদি একই কাঁচামাল হইতে মূলতঃ একই প্রক্রিয়ায় উৎপাদিত হয়। সুতরাং ১৭০২ হেডিং এর পণ্য যথা লিকুইড গ্লুকোজ মিথ্যা ঘোষনা দিয়া ৩৫০৫ হেডিং এর মডিফাইড ষ্টার্ট, গ্লু ইত্যাদি নামে আমদানির প্রবনতা রহিয়াছে এবং এইরুপ আমদানী ধরাও পড়িয়াছে। গত বৎসর ৩৫০৫ হেডিং এর সকল পণ্যের আমদানী শুল্ক ১৭০২ হেডিং এর পন্যের আমদানী শুল্কের সমান করা হইয়াছে। ১৭০২ সম্পুরক শুল্কও আরোপ করা প্রয়োজন। |
| | Glues H. S. Code 3505.20.00 | আমদানি শুল্ক-সর্বোচ্চ<br>সম্পুরক শুল্ক-৪৫% | আমদানি শুল্ক-২৫%<br>সম্পুরক শুল্ক-০%<br>রেগুলেটরী শুল্ক-৫% | |
| ১৭. | Sorbitol H. S. Code 2905.44.00 | আমদানি শুল্ক-সর্বোচ্চ<br>সম্পুরক শুল্ক-৪৫% | আমদানি শুল্ক-১০%<br>সম্পুরক শুল্ক-০%<br>রেগুলেটরী শুল্ক-০% | ১৭০২ হেডিং এর লিকুইড গ্লুকোজ এবং ২৯০৫৪৪০০ ও ৩৮২৪৬০০০ হেডিং এর সরবিটল দেখিতে অনেকটা একই রকম। ইহা একই কাঁচামাল হইতে উৎপাদিত হয়। সুতরাং ১৭০২ হেডিং এর পণ্য যথা লিকুইড গ্লুকোজ মিথ্যা ঘোষনা দিয়া ২৯০৫৪৪০০ ও ৩৮২৪৬০০০ হেডিং এর সরবিটল নামে আমদানি হইতে পারে। সুতরাং ইহার উপর ১৭০২ হেডিংয়ের সমান সম্পুরক শুল্কও আরোপ করা প্রয়োজন । |
| | Sorbitol H. S. Code 38246000 | আমদানি শুল্ক-সর্বোচ্চ<br>সম্পুরক শুল্ক-৪৫% | আমদানি শুল্ক-১০%<br>সম্পুরক শুল্ক-০%<br>রেগুলেটরী শুল্ক-০% | |
| ১৮. | Maize(Corn) Starch H. S. Code 11081200 | আমদানি শুল্ক-২৫% (সর্বোচ্চ) | আমদানি শুল্ক-১০%<br>সম্পুরক শুল্ক-০% | বর্তমানে দেশে ভূট্টা চাষ সম্প্রসারনে যথেষ্ট প্রচেষ্টা চলিতেছে। ১০০% দেশীয় কাঁচামাল ভুট্টা দিয়ে ষ্টার্চ তৈরী হচ্ছে এবং কাঁচামাল হিসাবে ভূট্টা ব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সেখানে আমাদের দেশে ২৫ লক্ষ মেঃ টন ভূট্টা উৎপাদিত হয় সেখানে আমদানী নিরুৎসাহিত করার লক্ষ্যে সর্বাধিক কাষ্টমস ডিউটি ২৫% প্রয়োগ করা বাঞ্ছনীয়। চোরাই পথে বন্ডের মাধ্যমে শুল্ক মুক্ত আমদানীকৃত ষ্টার্চ বাজারে বিদ্যমান থাকায় স্টার্চ উৎপাদনের সাথে জড়িত শিল্পসমূহ টিকতে না পেরে অচিরেই ধ্বংস হয়ে যাবে। |
| | Maize(Corn) Flour H. S. Code 11022000 | আমদানি শুল্ক-২৫% (সর্বোচ্চ) | আমদানি শুল্ক-১০%<br>সম্পুরক শুল্ক-০% | |
| ১৯. | প্যারাফরমাল ডিহাইড এইচ.এস.কোডঃ ২৯১২.৬০.০০ | আমদানি শুল্ক-শুন্য | আমদানি শুল্ক-৫%<br>ভ্যাট-১৫%<br>এআইটি-৫% | দেশে স্থাপিত পার্টিকেল বোর্ড ও প্লাইউড উৎপাদনকারী একাধিক শিল্প প্রতিষ্ঠান গত তিন দশকের বেশী সময় ধরে গ্রাহক আস্থা অর্জন করে সুনামের সাথে নানাঘাত প্রতিঘাতের মধ্য দিয়ে পণ্য উৎপাদন ও বাজারজাত করে আসছে। পার্টিকেল বোর্ড উৎপাদনের অন্যতম প্রধান কাঁচামাল হচ্ছে পাটখড়ি ও প্যারাফরমালডিহাইড। যার মধ্যে পরিবেশ বান্ধব সম্পুর্ণ দেশীয় কৃষজ পণ্যজাত এই পাটখড়ি সংগ্রহ করা হয় প্রত্যন্ত গ্রামের কৃষক ও স্থানীয় ব্যাপারীদের কাছ থেকে এবং প্যারাফরমালডিহাইড বিদেশ থেকে আমদানি করতে হয়, যাহা দেশে উৎপাদন হয় না। পার্টিকেল বোর্ড ও প্লাইউড বিভিন্ন প্রকার ফার্নিচার ও গৃহস্থালী সামগ্রী হিসাবে কাঠের বিকল্প হিসাবে ব্যবহৃত হয়। ইহা সরকার এর ঘোষিত দেশে বৃক্ষরোপন অভিযান বাস্তবায়নে উল্লেখ্যযোগ্য ভুমিকা রাখিতেছে। প্রতিবছর প্রয়োজন অনুযায়ী পাটখড়ি পেতে কৃষকদের পুঁজি সরবরাহ, অর্থায়ন ও উৎসাহ প্রদান করা হয়। যাতে কৃষককুল পাটচাষে আগ্রহী হয়। সেইসাথে প্লাইউড উৎপাদনের ক্ষেত্রে বিদেশ থেকে কাঠ আমদানী করে দেশীয় নানা উপাদান ব্যবহার করে উৎপাদন ও value addition করা হয়। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় অবাধ আমদানী নীতির কারনে এইসব উৎপাদনকারী দেশীয় শিল্প প্রতিষ্ঠান বিদেশ থেকে বাণিজ্যিকভাবে আমদানীকৃত পণ্যের সাথে অসম প্রতিযোগিতার ফলে ক্রমান্বয়ে রূগ্ন শিল্পে পরিনত হতে চলেছে এবং সরকার প্রতি বৎসর কোটি কোটি টাকা রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে। তাছাড়া প্রয়োজনীয় সহায়তা পেলে এই শিল্প খাতটি উৎপাদিত পণ্য দেশের চাহিদা পুরুন করে বিদেশেও রপ্তানী করতে পারে। এখানে উল্লেখ্য যে; এই শিল্পের আমদানি নির্ভর অন্যতম কাঁচামাল যেমন প্যারা ফরমালডিহাইড এর উপর |

| ক্রমিক নং | পণ্যের নাম ও কোড নম্বর/প্রস্তাবের শিরোনাম | প্রস্তাব | বিদ্যমান অবস্থা | যুক্তি |
|---|---|---|---|---|
| | | | | বর্তমান আরোপিত মোট শুল্ক করাদির পরিমান ২৬.২৭% ফলশ্রুতিতে বোর্ডের উৎপাদন খরচ অনেক বেশী । কিন্তু পার্শ্ববর্তী দেশে এই কাঁচামাল স্থানীয়ভাবে উৎপাদিত হওয়ায় তাদের উৎপাদন খরচ অনেক কম পড়ে বিধায় পার্শ্ববর্তী দেশ থেকে অত্যন্ত কমমুল্যে নগন্য শুল্কে ও ক্ষেত্র বিশেষে শুল্ক ব্যতিরেকেই বিভিন্ন বোর্ড, প্লাইউড সামগ্রী বুড়ীমারী, সোনা মসজিদ, ভোমরা, হিলি, দর্শনাসহ বিভিন্ন স্থল বন্দর দিয়ে দেশীয় বাজারে প্রবেশ করে পুরো বাজারই গ্রাস করে নিয়েছে। ফলে দেশে উৎপাদিত এ সব পণ্য কর ফাঁকি দেয়া চোরাই পণ্যের সাথে অসম মুল্য প্রতিযোগীতার প্রভাবে রূগ্ন থেকে রূগ্নতর হয়ে চলেছে এবং এ শিল্পে কর্মরত হাজার হাজার শ্রমিক কর্মচারীর ভাগ্য অনিশ্চিত ও বিপন্ন হয়ে পড়েছে। এমতাবস্থায় দেশীয় পার্টিকেল বোর্ড ও প্লাইউড উৎপাদনকারী শিল্প প্রতিরক্ষনের লক্ষ্যে এই শিল্পের মৌলিক কাঁচামাল প্যারাফরমালডিহাইড এর আমদানি শুল্ক শূন্য + ভ্যাট-১৫%+এআইটি-৫% করার প্রস্তাব করছি। |
| ২০. | এব্রেসিভ পেপার এবং পাউডার<br>এইচ.এস.কোডঃ<br>৬৮০৫.১০.০০<br>৬৮০৫.২০.০০ | আমদানি শুল্ক-১০%<br>আর ডি-০%<br>সম্পুরক শুল্ক-০%<br>ভ্যাট-১৫%<br>এআইটি-৫% | আমদানি শুল্ক- ২৫%<br>আর ডি-৫%<br>সম্পুরক শুল্ক-১৫%<br>ভ্যাট-১৫%<br>এআইটি-৫% | এব্রেসিভ পেপার পার্টিকেল বোর্ড , ডোর ও ফার্নিচার তৈরীর মৌলিক কাঁচামাল যাহা দেশে উৎপাদন হয় না। দেশে বতমানে পার্টিকেল বোর্ড , ডোর ও ফার্নিচার তৈরীর অনেকগুলি শিল্প গড়ে উঠেছে, যার উৎপাদিত পন্য দিয়ে দেশের চাহিদা পূরন করা যাবে কিন্তু তারপরও প্রচুর পার্টিকেল বোর্ড , ডোর ও ফার্নিচার বিদেশ থেকে আমদানী হচ্ছে। তার একমাত্র কারণ দেশীয় পার্টিকেল বোর্ড, ডোর ও ফার্নিচার শিল্পগুলিকে দেওয়া সরকারী সহায়তা একেবারে অপ্রতুল।তাছাড়া পার্টিকেল বোর্ড, ডোর ও ফার্নিচার তৈরির মৌলিক কাঁচামালগুলির উপর সম্পুরক শুল্কসহ সর্বোচ্চ আমদানী শুল্ক আরোপ করা আছে। যারফলে দেশীয় শিল্পে উৎপাদিত পার্টিকেল বোর্ড, ডোর ও ফার্নিচার এর মূল্য আমদানীকৃত পন্যের মূল্যের চেয়ে অনেক বেশী। এমতাবস্থায় দেশীয় পার্টিকেল বোর্ড, ডোর ও ফার্নিচার শিল্পের প্রতিরক্ষনের স্বার্থে পার্টিকেল বোর্ড, ডোর ও ফার্নিচার এর মৌলিক কাঁচামাল এর উপর ৫% আমদানী শুল্ক ধার্য্য করে নিয়ন্ত্রিত শুল্ক ও সম্পুরক শুল্ক সম্পূণ প্রত্যাহার করা যুক্তিযুক্ত বলে মনে করি। |

| ক্রমিক নং | পণ্যের নাম ও কোড নম্বর/প্রস্তাবের শিরোনাম | প্রস্তাবিত এইচ, এস কোড বিভাজন ও প্রস্তাবিত শুল্কহার | | বিদ্যমান অবস্থা | যুক্তি |
|---|---|---|---|---|---|
| ২১. | Fan motor fitted with or without revolving mechanism of an output exceeding 37.5 W<br>এইচ, এস, কোড 8501.20.10 | H.S. Code: 8501.20.10<br><br>CD 10% | Fan motor fitted with or without revolving mechanism of an output exceeding 37.5 W | CD 10% | শুধুমাত্র ফ্যান মটর শিল্পের মৌলিক কাচাঁমাল হিসাবে ফ্যান মটর ব্যবহৃত হয় । ইহার অন্য কোন বিকল্প ব্যবহার নেই, শুধুমাত্র বৈদ্যুতিক ফ্যান তৈরীতে ইহা ব্যবহৃত হয়। কিন্তু কয়েকটি প্রতিষ্ঠান বানিজ্যিকভাবে ফ্যান মটর আমদানী করে বৈদ্যুতিক ফ্যান উৎপাদন করে স্থানীয় উৎপাদন পর্যায়ে মূসক প্রদান না করে বাজারজাত করছে। এই প্রতিষ্ঠানগুলো উৎপাদন পর্যায়ে ভ্যাট রেজিষ্টার ভুক্ত না হওয়ার কারনে মূল্য সংযোজন করের বাহিরে থেকে সুষ্ঠু ব্যবসায়িক প্রতিযোগিতার অন্তরায় সৃষ্টি হচ্ছে। উদাহরন স্বরূপ প্লাষ্টিক শিল্পের অনাতম কাচাঁমাল "পলিইথানল থারপ্লেট" আমদানী পর্যায়ে এইচ, এস, কোড ৩৯২০.৬২.২০ শুধুমাত্র ভ্যাট রেজিষ্টার প্লাষ্টিক ম্যানুফেকচারিং ইন্ডাষ্ট্রিজ এর বিপরীতে ১০% আমদানী শুল্ক আরোপিত আছে এবং অভিন্ন পন্য (একই পন্য) বানিজ্যিক আমদানীর ক্ষেত্রে ৩৯২০.৬২.১০ শ্রেনী বিভক্তি করনের মাধ্যমে আমদানী শুল্ক ২৫% আরোপিত আছে। অতএব, সুষ্ঠু ব্যবসায়িক পরিবেশ সৃষ্টি তথা সরকারের রাজস্ব (যথা স্থানীয় পর্যায়ে উৎপাদন পর্যায়ে ভ্যাট) আদায় নিশ্চিতকল্পে উক্ত বিভক্তিকরনের এবং শুল্কস্তরের প্রস্তাব করছি। |
| | | H.S. Code: 8501.20.20<br><br>CD 2% | Motor fitted with or without revolving mechanism of an output exceeding 37.5 W – Imported by VAT registered fan manufacturing industries. | | |
| ২২. | Parts of Fan<br>এইচ, এস, কোড 8414.90.10 | H.S. Code: 8414.90.10<br>CD 25%<br>SD 20% | Parts of Fan | CD 25%<br>SD 20% | শুধুমাত্র পার্টস অফ ফ্যান বৈদ্যুতিক ফ্যান শিল্পের মৌলিক কাচাঁমাল হিসাবে পার্টস অফ ফ্যান ব্যবহৃত হয় । ইহার অন্য কোন বিকল্প ব্যবহার নেই, শুধুমাত্র বৈদ্যুতিক ফ্যান তৈরীতে ইহা ব্যবহৃত হয়। কিন্তু কয়েকটি প্রতিষ্ঠান বানিজ্যিকভাবে পার্টস অফ ফ্যান আমদানী করে বৈদ্যুতিক ফ্যান উৎপাদন পর্যায়ে মূসক প্রদান না করে বাজারজাত করছে। এই প্রতিষ্ঠানগুলো উৎপাদন পর্যায়ে ভ্যাট রেজিষ্ট্রেশন ভুক্ত না হওয়ার কারনে মূল্য সংযোজন করের বাহিরে থেকে সুষ্ঠু ব্যবসায়িক প্রতিযোগিতার অন্তরায় সৃষ্টি হচ্ছে। উদাহরন স্বরূপ প্লাষ্টিক শিল্পের অনাতম কাচাঁমাল "পলিমাইডিস" আমদানী পর্যায়ে এইচ, এস, কোড ৩৯২০.৯২.২০ শুধুমাত্র ভ্যাট রেজিষ্টার প্লাষ্টিক ম্যানুফেকচারিং ইন্ডাষ্ট্রিজ এর বিপরীতে ১০% আমদানী শুল্ক আরোপিত আছে এবং অভিন্ন পন্য (একই পন্য) বানিজ্যিক আমদানীর ক্ষেত্রে ৩৯২০.৯২.১০ শ্রেনী বিভক্তি করনের মাধ্যমে আমদানী শুল্ক ২৫% আরোপিত আছে। অতএব, সুষ্ঠু ব্যবসায়িক পরিবেশ সৃষ্টি তথা সরকারের রাজস্ব (যথা স্থানীয় পর্যায়ে উৎপাদন পর্যায়ে ভ্যাট) আদায় নিশ্চিতকল্পে উক্ত বিভক্তিকরনের এবং শুল্কস্তরের প্রস্তাব করছি । |
| | | H.S. Code: 8414.90.20<br><br>CD 25%<br>SD 0% | Parts of Fan – Imported by VAT registered fan manufacturing industries. | | |
| ২৩. | Adhesive tape in rolls of a width not exceeding 20 cm<br>এইচ, এস, কোড 3919.10.00 | H.S. Code: 3919.10.00<br>CD 25%<br>SD 20% | Adhesive tape in rolls of a width not exceeding 20 cm | CD 25%<br>SD 20% | শুধুমাত্র এডহেসিভ টেপ শিল্পের মৌলিক কাচাঁমাল হিসাবে এডহেসিভ টেপ ইন রোলস ব্যবহৃত হয়। ইহার অন্য কোন বিকল্প ব্যবহার নেই, শুধুমাত্র এডহেসিভ টেপ তৈরীতে ইহা ব্যবহৃত হয়। কিন্তু কয়েকটি প্রতিষ্ঠান বানিজ্যিকভাবে এডহেসিভ টেপ আমদানী করে শিল্প প্রতিষ্ঠানে প্রক্রিয়াজাত করে স্থানীয় উৎপাদন পর্যায়ে মূসক প্রদান না করে বাজারজাত করছে। এই প্রতিষ্ঠানগুলো উৎপাদন পর্যায়ে ভ্যাট রেজিষ্টার ভুক্ত না হওয়ার কারনে মূল্য সংযোজন করের বাহিরে থেকে সুষ্ঠ ব্যবসায়িক প্রতিযোগিতার অন্তরায় সৃষ্টি হচ্ছে। উদাহরন স্বরূপ প্লাষ্টিক শিল্পের অনাতম কাচাঁমাল "ষ্ট্রেচ রেপিং ফিল্ম" আমদানী পর্যায়ে এইচ, এস, কোড ৩৯২০.১০.২০ শুধুমাত্র ভ্যাট রেজিষ্ট্রার প্লাষ্টিক ম্যানুফেকচারিং ইন্ডাষ্ট্রিজ এর বিপরীতে ১০% আমদানী শুল্ক আরোপিত আছে এবং অভিন্ন পন্য (একই পন্য) বানিজ্যিক আমদানীর ক্ষেত্রে ৩৯২০.১০.১০ শ্রেনী বিভক্তি করনের মাধ্যমে আমদানী শুল্ক ২৫% আরোপিত আছে। অতএব, সুষ্ঠু বাবসায়িক পরিবেশ সৃষ্টি তথা সরকারের রাজস্ব (যথা স্থানীয় পর্যায়ে উৎপাদন পর্যায়ে ভ্যাট) আদায় নিশ্চিতকল্পে উক্ত শুল্কস্তর ও বিভক্তিকরনের প্রস্তাব করছি । |
| | | H.S. Code: 3919.10.90<br>CD 10%<br>SD 0% | Adhesive tape in rolls of a width not exceeding 20 cm imported by VAT registered adhesive tape manufacturing industries | | |

# ২০১৫-১৬ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভূক্তির জন্য সুপারিশমালা

## ৩। মূল্য সংযোজন কর সংক্রান্ত প্রস্তাব

| ক্রমিক নং | প্রস্তাব | বিদ্যমান অবস্থা | যুক্তি |
|---|---|---|---|
| ১. | মূসক আইনে বিদ্যমান মূল্য ঘোষণা এবং মূসক দপ্তর কর্তৃক তা অনুমোদনের বিধান সম্পূর্ণ প্রত্যাহার ও রহিত করার প্রস্তাব করছি।<br><br>যে মূল্যে পণ্য বিক্রয় করা হবে তার উপরেই মূসক প্রদান করতে হবে- এই বিধান প্রয়োগ করার প্রস্তাব করছি। | ২০১৪ খৃষ্টাব্দে ৩০ জুন পর্যন্ত পণ্যের মূল্য বা তার উপকরণের মূল্য বা মূল্যের কোন উপাদানে সামান্যতম হ্রাস বৃদ্ধি ঘটলেই মূল্য ঘোষনা বা তার সংশোধনী প্রদান বাধ্যতামূলক ছিল। সেটা গ্রহণ করা বা না করা মূসক কর্তৃপক্ষের মর্জির উপর নির্ভরশীল। ব্যবসায়ে শুধুই লাভ থাকবে, কখনও লোকসান হতে পারবে না এবং অসম্ভব সব সিদ্ধান্ত এর সাথে সংশ্লিষ্ট। ২০১৪ খৃষ্টাব্দের ৩০ জুন থেকে উপকরন-মূল্য অনধিক ৭.৫% হ্রাসবৃদ্ধিও জন্য মূল্য সংশোধন প্রয়োজন নেই কিন্তু নিরীক্ষায় সেটাও মানা হয়না। | মূসকসহ যে কোন কর ব্যবসার উপজাত। কর দেবার উদ্দেশ্যে ব্যবসা করা হয় না। ব্যবসা করা হলে মূসক প্রযোজ্য হয়। সুতরাং ব্যবসাকে তার নিজস্ব পথে চলতে দিয়ে কর আদায় করা সমীচীন। কর কর্তৃপক্ষ যদি পণ্যের মূল্য নির্ধারণ করে দেয় এবং সেই মূল্য রেশন শপের মত শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠানে অনুসরণ করতে হয় তাহলে মূসক হয়ত থাকবে কিন্তু কোন ব্যবসা থাকতে পারবে না। একই ব্যবসায়ী একই পণ্য অবস্থা বিবেচনাই ভিন্ন ভিন্ন ক্রেতা বা ক্রেতা শেণীর জন্য পৃথক মূল্যে বিক্রয় করে। এ ক্ষেত্রে স্বাধীন ভাবে দরাদরি করা এবং চূড়ান্ত বিবেচনায় লাভ করাই মূল লক্ষ্য। মূল্য অনুমোদন ব্যবস্থা ব্যবসায়ীর সেই স্বাধীনতা কেড়ে নিচ্ছে এবং প্রতিনিয়ত হয়রানি করছে। |
| ২. | (১) একটি শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠান একটি করবর্ষের জন্য সরকারের পক্ষ থেকে একবারই নিরীক্ষা করা যাবে এমন নিশ্চয়তা বিধান করার প্রস্তাব করছি ।<br><br>(২) স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা দপ্তর সহ নিরীক্ষাকারী যে কোন প্রতিষ্ঠান কর্তৃক কৃত শিল্প প্রতিষ্ঠান সমূহের মূসক সংশ্লিষ্ট হিসাব নিরীক্ষায় উত্থাপিত আপত্তি উপযুক্ত মূসক কর্তৃপক্ষ কর্তৃক নিরীক্ষাকারীর (বাধ্যতামূলক) উপস্থিতিতে শিল্পটিকে যথাযথ শুনানী প্রদান পূর্বক চূড়ান্ত সিদ্ধান্ত না দেওয়া পর্যন্ত নিরীক্ষা আপত্তি চূড়ান্ত আপত্তি হিসাবে বিবেচন্য হবে না মর্মে আইনী বিধান করার প্রস্তাব করছি । | (১) বর্তমানে সরকারী নিরীক্ষা সংস্থা স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা দপ্তর, মূসক গোয়েন্দা ও নিরীক্ষা দপ্তর এবং সংশ্লিষ্ট মূসক কমিশনারেটের নিরীক্ষা দল পৃথক ভাবে একাধিক বার শিল্প সমূহের মূসক সংশ্লিষ্ট হিসাব নিরীক্ষা করে।<br>(২) এ জন্য তারা শিল্প কারখানা বা অফিসে যায় না, সকল খাতাপত্র মূসক দপ্তরে বা নির্দেশিত কোন স্থানে হাজির করতে হয়। শিল্প পক্ষের কোন বক্তব্য শোনা বা খসড়া প্রতিবেদন প্রস্তুত করে তার উপর মতামত নেওয়াও হয় না। কিছুদিন পড়ে মূসক দপ্তর থেকে মোটা অংকের অর্থ পরিশোধের নির্দেশ দিয়ে একটি চিঠি পাওয়া যায়। নিরীক্ষা বা মূসক কোন দপ্তরী এই বিষয়ে কোন কথা শুনতে বা বলতে চায় না। একজন অন্যজনের ক্ষমতার দোহাই দেয়। আপত্তি বিশেষতঃ স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা দপ্তরের আপত্তি উচ্চতর আদালত বা সংসদীয় কমিটি ছাড়া শেষ হয় না। | প্রস্তাবিত ব্যবস্থা গৃহিত হলে নিরীক্ষা আপত্তি নামে হয়রানি কমবে, এ সংক্রান্ত মামলার সংখ্যা কমবে, মূসক কর্তৃপক্ষকে পার্লামেন্টারি কমিটির কাছে সত সংখ্যক আপত্তির জন্য জবাব দিহি করতে হবে এবং শিল্প প্রতিষ্ঠানের অহেতুক হয়রানি হ্রাস পাবে। |

| ক্রমিক নং | প্রস্তাব | বিদ্যমান অবস্থা | যুক্তি |
|---|---|---|---|
| ৩. | ন্যায়-নির্ণয়ন আদেশের বিরুদ্ধে আপিল করতে গেলে মূসকের কমিশনার(আপীল) এর কাছে আপীল করার সময় ০% ও ট্রাইবুনালের জন্য ৫% মূসক/অর্থদন্ড জমা দেওয়ার বিধান করা হোক। এ অর্থ নগদে, ট্রেজারীতে বা চলতি হিসাব সমন্বয়ের মাধ্যমে প্রদান করার বিধান করার প্রস্তাব করছি । | ন্যায়-নির্ণয়ন আদেশের বিরুদ্ধে আপীল এবং ট্রাইবুনাল কবতে গেলে দাবীকৃত মূসকের ১০% পরিশোধ করতে হয় এবং তা পরিশোধ করতে হয় ট্রেজারীতে, চলতি হিসাব সমন্বয়ের মাধ্যমে পরিশোধ করা যায় না। | এর দ্বারা অপরাধ চূড়ান্ত প্রমাণের পূর্বেই আংশিক শাস্তি ভোগ নিশ্চিত করা হচ্ছে, যাহা ন্যায় বিচারের পরিপন্থি এবং বিচার প্রার্থনা ও বিচার প্রাপ্তির পথ রুদ্ধকারী। |
| ৪. | বর্তমান সরকারের ‘ডিজিটাল বাংলাদেশ’ কর্মসূচি বাস্তবায়নে দেশে স্বল্পতম সময়ের মধ্যে সাধারণ মানুষের নাগালের মধ্যে ইন্টারনেট সুবিধা নিশ্চিত করতে ইন্টারনেট ব্যবহারের ওপর থেকে বর্তমানে নির্ধারিত ১৫% ভ্যাট প্রত্যাহার করার জন্য প্রস্তাব করছি । | ইন্টারনেট ব্যবহারের ওপর ১৫% মূসক প্রযোজ্য। | বাংলাদেশে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ক্রমাগত বাড়ছে। তবে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের সারাদেশে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা দ্রুত বৃদ্ধি করার কোনো বিকল্প নেই। কিন্তু এখনো ইন্টারনেট ব্যবহারের ওপর ১৫% মূসক ধার্য থাকায় ইন্টারনেট ব্যবহারকারীদের যে মূল্য পরিশোধ করতে হয় তা পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় অনেক বেশি। ইন্টারনেট-এর এই উচ্চমূল্য কমাতে অবিলম্বে ইন্টারনেট ব্যবহারের ওপর থেকে ধার্য ১৫% মূসক প্রত্যাহার করা অতীব জরুরী। |
| ৫. | তথ্য প্রযুক্তি খাতও কর্মসংস্থান সৃষ্টির জন্য উল্লেখযোগ্য খাত বিবেচনায় তৈরি পোশাক শিল্পের মত আইটিইএস কোম্পানীর জন্যও বাড়িভাড়ার ওপর থেকে উক্ত ৯% মূসক সম্পূর্ণরূপে প্রত্যাহার করার প্রস্তাব করছি। | বাড়ী ভাড়ার (আবাসিক ব্যতিত) উপর ৯% মূসক প্রযোজ্য। | তথ্য প্রযুক্তি খাত সরকারের একটি অগ্রাধিকার খাত হিসেবে বিবেচিত। এ খাতে উদ্যোক্তাগণ অত্যন্ত স্বল্প পুঁজি নিয়ে ব্যবসা শুরু করেন। এখনো দেশের আইটি কোম্পানীসমূহ এসএমই কোম্পানী হিসেবে পরিগণিত। সম্প্রতি ঢাকাসহ দেশের বিভাগীয় শহরের বাণিজ্যিক এলাকায় উল্লেখযোগ্য পরিমাণে বাড়িভাড়া বৃদ্ধি পেয়েছে। প্রচলিত বাড়িভাড়া দিয়ে ব্যবসা করতে অনেক আইটি উদ্যোক্তাই হিমশিম খাচ্ছেন। তদুপরি বাড়িভাড়ার ওপর প্রযোজ্য ৯% মূসক দিতে হলে তাদের অনেকের পক্ষেই দু:সাধ্য হয়ে পড়বে। ইতোমধ্যেই কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্র বিবেচনায় তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানের জন্য বাড়িভাড়ার ওপর থেকে বর্ণিত ৯% মূসক প্রত্যাহার করা হয়েছে। বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ রূপরেখা বাস্তবায়নে এ আইটি খাতেও ৯% মূসক মওকুফসহ উল্লেখযোগ্য প্রণোদনা থাকা আবশ্যক। |

| ক্রমিক নং | প্রস্তাব | বিদ্যমান অবস্থা | যুক্তি |
|---|---|---|---|
| ৬. | পাট রপ্তানি খাতে গ্যাস ও বিদ্যুৎ বিলের উপর duty draw back দেয়ার বিধান থাকলেও বর্তমানে DEDO Office কার্যক্রমটি পুনোরায় চালু করার প্রস্তাব করছি। | পাট রপ্তানি খাতে গ্যাস ও বিদ্যুৎ বিলের উপর duty draw back দেওয়ার বিধান থাকলেও বর্তমানে DEDO Office কার্যক্রমটি স্থগিত করে রেখেছে। | পাট রপ্তানি খাতে গ্যাস ও বিদ্যুৎ বিলের উপর duty draw back দেয়ার বিধান থাকলেও বর্তমানে DEDO Office কার্যক্রমটি স্থগিত করে রেখেছে। পাট রপ্তানির ক্ষেত্রে ব্যাংক থেকে সাধারণত Secondary Buyer এর উপর PRC ইস্যু করায় DEDO Office, duty draw back কার্যক্রম বন্ধ করে রেখেছে, যা আইনের পরিপন্থী। |
| ৭. | পাইকারী ও খুচরা ভ্যাট প্যাকেজ ভিত্তি ২০১৪-২০১৫ অর্থ বৎসরের ন্যায় শ্রেনী বিন্যাস করে ২০১৫-২০১৬ অর্থ বৎসরের যথাক্রমে ১৪,০০০, ১০,০০০, ৭,২০০, ৩,৬০০ টাকা নির্ধারন করার প্রস্তাব করছি। | ২০১৪-২০১৫ অর্থ বৎসর ঃ<br><br>ক) ঢাকা ও চট্রগ্রাম সিটি কর্পোরেশন এলাকা - ১১,০০০/-<br>খ) অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা ৮,০০০/-<br>গ) জেলা শহরের পৌর এলাকা ৬,০০০/-<br>ঘ) দেশের অন্যান্য এলাকা ৩,০০০/-<br>(এই হার দোকান প্রতি) | যারা পাইকারী ও খুচরা ব্যবসায় জড়িত তারা অধিকাংশই অশিক্ষিত ও স্বাক্ষর জ্ঞান সম্পন্ন। দেশের বিভিন্ন মার্কেটের দোকানগুলি খুবই ছোট তাদের পক্ষে ECR প্রদ্ধতি কিংবা রেজিষ্ট্রার সংরক্ষন করা কোন ভাবেই সম্ভব নয়। তাই ECR প্রদ্ধতি কিংবা রেজিষ্ট্রার সংরক্ষন প্রদ্ধতি বিলুপ্ত করে প্যাকেজ প্রদ্ধতি উত্তম ও গ্রহন যোগ্য হবে বলে ব্যবসায়ী সমাজ মনে করেন। এতে নতুন নতুন ভ্যাট দাতা সৃষ্টি হবে, ভ্যাট দিতে উৎসাহিত হবে ও সরকারের রাজস্ব বৃদ্ধি পাবে এবং ভ্যাট ফাঁকিও বন্ধ হবে। |